



স্মারক নম্বর: বিএসএ-ঢাজে-৪৮(অংশ-১)/২০২১/২০(৫০০)

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৭  
২২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: 'ঐতিহাসিক ৭ মার্চ' দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতা ও অনুষ্ঠানে শিশুদের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি লাভ করেছে। এ অসামান্য অর্জনে অনুপ্রাণিত হয়ে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতার আদর্শকে ধারণ করে এ দেশের শিশুরা সুনামগরিক হিসেবে নিজেদের গড়ে তুলবে। সেই উদ্দেশ্যে প্রতি বছরের ন্যায় এবছরও 'ঐতিহাসিক ৭ মার্চ' দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে ঢাকা জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা কার্যালয়ের উদ্যোগে নিম্নলিখিত প্রতিযোগিতা ও অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

চিত্রাংকন জমা দেয়া এবং ভাষণের ভিডিও ক্লিপ আপলোডের স্থান, তারিখ ও সময়	কর্মসূচি	বিষয় ও বিভাগ
<p>০২.০৩.২০২১ মঙ্গলবার চিত্রাংকন বিকেল ৫.০০টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি ঢাকা জেলা কার্যালয় বাড়ী নং-৫, রোড নং-৪, ব্লক-এ, সেকশন-১১ মিরপুর-১১, ঢাকা-১২১৬ (ব্র্যাক ব্যাংকের পিছনে) টিকানায় সরাসরি জমা দেয়া যাবে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। কার্টিজ পেপারের দৈর্ঘ্য ১৬ ইঞ্চি (৪০ সে.মি) এবং প্রস্থ ১১ ইঞ্চি (২৮ সে.মি) হতে হবে।</p>	চিত্রাংকন প্রতিযোগিতা	ক বিভাগ: ১ম থেকে ৩য় শ্রেণি বিষয়: ইচ্ছেমত খ বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি বিষয়: বঙ্গবন্ধুর প্রতিকৃতি গ বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি বিষয়: বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ বিশেষ চাহিদা সম্পন্ন শিশু: ১ম থেকে ১০ম শ্রেণি বিষয়: উনুক্র সকল বিভাগের জন্য ছবি আঁকার মাধ্যম উনুক্র
<p>০২.০৩.২০২১ মঙ্গলবার বিকেল ৫.০০টার মধ্যে নির্ধারিত গ্রুপ পেইজে ভাষণের ভিডিও আপলোড করতে হবে। ফেসবুক পেইজ: বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা (অনলাইন)</p>	বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ পরিবেশন প্রতিযোগিতা	ক বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি খ বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি
<p>০৭.০৩.২০২১ রবিবার সকাল: ১০.০০ টা</p>	স্বাস্থ্যবিধি মেনে আলোচনা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান স্থান: মিরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তন মিরপুর-১১, ঢাকা-১২১৬।	

• চিত্রাংকনের পিছনে এবং ভাষণের ভিডিও ক্লিপের সাথে অংশগ্রহণকারীর নাম, মাতার নাম, পিতার নাম, বিদ্যালয়ের নাম, শ্রেণি বাংলায় লিখতে হবে এবং মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

• ০২ মার্চ ২০২১ নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত চিত্রাংকনের কার্টিজ পেপার এবং ভাষণের ভিডিও ক্লিপ গ্রহণযোগ্য হবে না।

উল্লিখিত প্রতিযোগিতা ও অনুষ্ঠান বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদানপূর্বক ব্যাপক সংখ্যক ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

....., ঢাকা।

২২/০২/২০২১  
রাশিদা বেগম

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা  
বাংলাদেশ শিশু একাডেমি  
ঢাকা জেলা।  
ফোন: ৯০০৯৭৩৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা।
৪. পরিচালক, জেলা তথ্য অফিস, ঢাকা (ব্যাপক প্রচারের জন্য)।
৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।